

# 🗏 আল-ফুরকান | Al-Furgan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ২৬

## 💵 আরবি মূল আয়াত:

# اَلمُلكُ يَومَئِذِ الحَقُّ لِلرَّحمٰنِ ١٠ وَ كَانَ يَومًا عَلَى الكُفِرِينَ عَسِيرًا هِ ٢٤﴾

#### 

সেদিন প্রকৃত সার্বভৌমত্ব হবে পরম করুণাময়ের। আর সে দিনটি কাফিরদের জন্য বড়ই কঠিন। — আল-বায়ান সেদিন সত্যিকারের কর্তৃত্ব হবে দয়াময় (আল্লাহ)'র এবং কাফিরদের জন্য দিনটি হবে কঠিন। — তাইসিরুল সেদিন প্রকৃত রাজত্ব হবে দয়াময় আল্লাহর এবং কাফিরদের জন্য সেদিন হবে কঠিন। — মুজিবুর রহমান True sovereignty, that Day, is for the Most Merciful. And it will be upon the disbelievers a difficult Day. — Sahih International

### ২৬. সে দিন চূড়ান্ত কর্তৃত্ব হবে দয়াময়ের(১) এবং কাফেরদের জন্য সে দিন হবে অত্যন্ত কঠিন।

(১) অর্থাৎ সেখানে কেবলমাত্র একটি রাজত্বই বাকি থাকবে এবং তা হবে এ বিশ্বজাহানের যথার্থ শাসনকর্তা আল্লাহর রাজত্ব। [আদওয়াউল বায়ান] অন্যত্র বলা হয়েছেঃ "সেদিন যখন এরা সবাই প্রকাশ হয়ে যাবে, আল্লাহর কাছে এদের কোন জিনিস গোপন থাকবে না, জিজ্ঞেস করা হবে আজ রাজত্ব কার? সবদিক থেকে জবাব আসবে, একমাত্র আল্লাহর যিনি সবার উপর বিজয়ী।" [সূরা গাফিরঃ ১৬]

হাদীসে এ বিষয়বস্তুকে আরো বেশী স্পষ্ট করে বলা হয়েছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ এক হাতে পৃথিবীগুলো ও অন্য হাতে আকাশসমূহ গুটিয়ে নিয়ে বলবেনঃ "আমিই বাদশাহ, আমিই শাসনকর্তা। এখন সেই পৃথিবীর বাদশাহরা কোথায়? কোথায় স্বৈরাচারী একনায়কের দল? অহংকারী ক্ষমতাদর্পীরা কোথায়?" [বুখারীঃ ৭৪১২, মুসলিমঃ ২৭৮৮]।

তাফসীরে জাকারিয়া

(২৬) সেদিন প্রকৃত কর্তৃত্ব হবে পরম দয়াময়ের এবং অবিশ্বাসীদের জন্য সেদিন হবে বড় কঠিন।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2881

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন